# নিউ ইয়র্ক স্টেট

## স্টেস্টের নির্বাচন বোর্ড (BOARD OF ELECTIONS)

আলবানি, নিউ ইয়র্ক

6ই আগস্ট, 2025

## <u>সার্টিফিকেশন</u>

নিউ ইয়র্ক স্টেটের নির্বাচন বোর্ডের প্রতি:

এতদ্বারা বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে, 4 নভেম্বর, 2025 তারিখে এই স্টেটে যে সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হতে চলেছে সেটির জন্য, নিম্নলিখিত প্রস্তাবটি অনুমোদনের জন্য জনগণের কাছে জমা দেওয়া হবে: একটি সংশোধনী, প্রথম প্রস্তাবনার সারাংশ

## একটি সংশোধনী, প্রথম প্রস্তাবনার পাঠ্য

## সেনেট এবং অ্যাসেম্বলির সমন্বিত সিদ্ধান্ত

(অ্যাসেম্বলি বিল 7454 / সেনেট বিল 5227)

এসেক্স কাউন্টির মাউন্ট ভ্যান হোভেনবার্গ অলিম্পিক স্পোর্টস কমপ্লেক্স সম্পর্কিত সংবিধানের অনুচ্ছেদ 14-এর ধারা 1 সংশোধনীর প্রস্তাবনা

ধারা 1। সিদ্ধান্ত গৃহীত হলো (যদি সেনেট সম্মত হয়) যে, সংবিধানের অনুচ্ছেদ 14-এর ধারা 1 নিম্নরূপে সংশোধন করা হবে:

ধারা 1। বর্তমানে মালিকানাধীন বা পরবর্তীতে অধিগৃহীত স্টেটের জমি, যা বর্তমানে আইন দ্বারা নির্ধারিত সংরক্ষিত বনাঞ্চলের অন্তর্ভুক্ত, চিরতরে বন্য বনভূমি হিসেবে রক্ষিত হবে। এগুলি কোনও সরকারি বা বেসরকারি সংস্থা কর্তৃক লিজ দেওয়া, বিক্রয় বা বিনিময় করা যাবে না, অথবা অধিগ্রহণ করা যাবে না, এবং সেখান থেকে কাঠ বিক্রি করা, সরানো বা নষ্ট করা যাবে না। এখানে অন্তর্ভুক্ত কোনো বিষয়ই স্টেটকে পূর্বে সংবিধান সংশোধনের মাধ্যমে বিশেষভাবে অনুমোদিত কোনো হাইওয়ে নির্মাণ, সম্পূর্ণ ও রক্ষণাবেক্ষণ করতে অথবা ফেডারেল মানদন্ড অনুযায়ী ফেডারেল সহায়তাপ্রাপ্ত ইন্টারস্টেট হাইওয়ে রুট পাঁচশ দুই নির্মাণ ও রক্ষণাবেক্ষণ করতে বাধা দেবে না, যা গ্লেনস ফলস সিটির নিকটবর্তী একটি স্থান থেকে শুরু হবে, তারপর উত্তর দিকে লেক জর্জ ও ওয়ারেন্সবার্গ ভিলেজ, হ্যামলেট অফ সাউথ হরিকন ও পটারসভিলের নিকটবর্তী অঞ্চলে পৌঁছাবে, এবং সেখান থেকে সাধারণত সোজা রেখা বরাবর স্ক্রুন লেকের পশ্চিম পাশে হ্যামলেট অফ স্ক্রুনের নিকটবর্তী অঞ্চলে, তারপর উত্তর দিকে এগিয়ে গিয়ে স্ক্রুন ফলস, স্ক্রুন নদী ও নর্থ হাডসনের নিকটবর্তী অঞ্চলে, এবং মাকোমিস পাহাড়ের পূর্ব দিকে, হ্যামলেট অফ নিউ রাশিয়ার পূর্ব দিকে, এলিজাবেথটাউন ভিলেজের পূর্ব দিকে, এবং উত্তর দিকে এগিয়ে গিয়ে হ্যামলেট অফ টাওয়ার্স ফোর্জের নিকটবর্তী অঞ্চলে, পোক-ও-মুনশাইন পাহাড়ের পূর্ব দিকে, এবং উত্তর দিকে এগিয়ে গিয়ে কিসভিলে ভিলেজ ও প্লাটসবার্গ সিটির নিকটবর্তী অঞ্চলে পৌঁছাবে, উল্লিখিত সমস্ত ক্ষেত্রে স্টেটের সংরক্ষিত বনাঞ্চলের জমির মোট অধিগ্রহণ তিনশত একর অতিক্রম করবে না, অথবা এসেক্স কাউন্টির হোয়াইটফেস পাহাড়ের উত্তর, পূর্ব ও উত্তর-পশ্চিম ঢালে সর্বাধিক পঁচিশ মাইল দৈর্ঘ্যের, ত্রিশ থেকে দুইশত ফুট প্রস্থের স্কি ট্রেইল, সাথে সংশ্লিষ্ট আনুসঙ্গিক সুবিধাগুলি নির্মাণ ও রক্ষণাবেক্ষণে বাধা দেবে না, শুধুমাত্র যদি ঐ ট্রেইলের মধ্যে পাঁচ মাইলের অধিক অংশের প্রস্থ একশত বিশ ফুট অতিক্রম না করে, অথবা আলস্টার ও ডেলাওয়্যার কাউন্টির বেলেয়ার পাহাড়ের ঢালে সর্বাধিক

পঁচিশ মাইল দৈর্ঘ্যের, ত্রিশ থেকে দুইশত ফুট প্রস্থের স্কি ট্রেইল, সহ সংশ্লিষ্ট অবকাঠামো, নির্মাণ ও রক্ষণাবেক্ষণে বাধা দেবে না, শুধুমাত্র যদি ঐ ট্রেইলের মধ্যে দুই মাইলের অধিক অংশের প্রস্থ একশত বিশ ফুট অতিক্রম না করে, এবং ওয়ারেন কাউন্টির গোর ও পিট গে পাহাড়ের ঢালে সর্বাধিক চল্লিশ মাইল দৈর্ঘ্যের, ত্রিশ থেকে দুইশত ফুট প্রস্থের স্কি ট্রেইল, সাথে সংশ্লিষ্ট আনুসঙ্গিক সুবিধাগুলি নির্মাণ ও রক্ষণাবেক্ষণে বাধা দেবে না, শুধুমাত্র যদি ঐ ট্রেইলের মধ্যে আট মাইলের অধিক অংশের প্রস্থ একশত বিশ ফুট অতিক্রম না করে, অথবা বিপজ্জনক বাঁক ও ঢালের ঝুঁকি দূর করার উদ্দেশ্যে সর্বাধিক পঞ্চাশ মাইল বিদ্যমান স্টেট হাইওয়ে পুনঃস্থাপন, পুনর্নির্মাণ ও রক্ষণাবেক্ষণে বাধা দেবে না, শুধুমাত্র যদি এই উদ্দেশ্যে মোট চারশত একরের অধিক সংরক্ষিত বনাঞ্চলের জমি ব্যবহার করা না হয়, এবং একটিও পুনঃস্থাপিত হাইওয়ের অংশ এক মাইল দৈর্ঘ্য অতিক্রম না করে। পূর্বোক্ত বিধানগুলির পরোয়া না করে, স্টেট সারানাক লেক ভিলেজকে আবর্জনা অপসারণের জন্য জনসাধারণের ব্যবহারের জন্য এই গ্রামের সীমানা সংলগ্ন দশ একর সংরক্ষিত বনাঞ্চলের জমি প্রদান করতে পারে এবং এর বিনিময়ে সারানাক লেক ভিলেজ রিচার্ডস সার্ভে লট 113, টাউনশিপ 11-এর উত্তর অর্ধাংশের রোরিং ব্রুকে অবস্থিত গ্রামের মালিকানাধীন ত্রিশ একর নির্দিষ্ট প্রকৃত বনাঞ্চলের জমি স্টেটকে প্রদান করবে। পূর্বোক্ত বিধানগুলির পরোয়া না করে, স্টেড় পিসেকো বিমানবন্দরের রানওয়ে এবং ল্যান্ডিং স্ট্রিপ সম্প্রসারণের জন্য জনসাধারণের ব্যবহারের জন্য আরিয়েটা টাউনকে এই টাউনের মধ্যবর্তী আঠাশ একর সংরক্ষিত বনাঞ্চলের জমি প্রদান করতে পারে এবং এর বিনিময়ে আরিয়েটা টাউন, আরিয়েটা টাউনের মালিকানাধীন ত্রিশ একর নির্দিষ্ট জমি স্টেটকে প্রদান করবে। পূর্বোক্ত বিধানগুলির পরোয়া না করে এবং প্রকৃত মালিকানা হস্তান্তরের পূর্বে বিনিময়যোগ্য জমিগুলির আইনসভার অনুমোদন সাপেক্ষে, স্টেট, তার ভূমি সম্পত্তি আরও উন্নতভাবে ব্যবস্থাপনার উদ্দেশ্যে, হ্যামিল্টন কাউন্টির টটেন ও ক্রসফিল্ড পারচেজের দ্বিতীয় ও তৃতীয় টাউনশিপ এবং মুজ রিভার ট্র্যাক্ট-এর নবম টাউনশিপে অবস্থিত প্রায় আট হাজার পাঁচশত একর সংরক্ষিত বনাঞ্চলের জমি ইন্টারন্যাশনাল পেপার কোম্পানিকে হস্তান্তর করতে পারবে; এবং এর বিনিময়ে ইন্টারন্যাশনাল পেপার কোম্পানি স্টেটকে, সংরক্ষিত বনাঞ্চলে অন্তর্ভুক্ত করার জন্য, ঐ টাউনশিপগুলি ও উক্ত কাউন্টির মধ্যে অবস্থিত আনুমানিক সমপরিমাণ একর জমি হস্তান্তর করবে এই শর্তে যে আইনসভার নির্ধারণ অনুসারে, স্টেট যে জমি গ্রহণ করবে তার মূল্য স্টেট যে জমি হস্তান্তর করবে অন্ততপক্ষে তার মূল্যের সমান হতে হবে। পূর্বোক্ত বিধানগুলির পরোয়া না করে এবং মালিকানার প্রকৃত হস্তান্তরের পূর্বে বিনিময়যোগ্য জমিগুলির আইনসভার অনুমোদন এবং এখানে বর্ণিত শর্তাবলী সাপেক্ষে, স্টেট, জাতীয় ঐতিহাসিক স্থানের ন্যাশনাল রেজিস্টারে তালিকাভুক্ত

ঐতিহাসিক ভবনগুলির সংরক্ষণকে সহজতর করার উদ্দেশ্যে, ঐতিহাসিক ভবনগুলিকে একক মালিকানা ও ব্যবস্থাপনার অধীনে একটি ঐতিহাসিক শ্রেণীতে পুনরায় যুক্ত করতে, হ্যামিল্টন কাউন্টির লং লেক টাউনের রাকেট লেক ভিলেজের নিকটে সাগামোর রোডে অবস্থিত একটি অলাভজনক শিক্ষামূলক সংস্থা, সাগামোর ইনস্টিটিউট ইনকর্পোরেটেডের সম্পত্তির সংলগ্ন আনুমানিক দশ একর জমি ও ভবনগুলি সাগামোর ইনস্টিটিউট ইনকর্পোরেটেডকে হস্তান্তর করতে পারবে, এবং এর বিনিময়ে সাগামোর ইনস্টিটিউট ইনকর্পোরেটেড স্টেটকে অ্যাডিরনড্যাক পার্কের মধ্যে অবস্থিত আনুমানিক দুইশত একর বন্য বনভূমিকে সংরক্ষিত বনাঞ্চলে অন্তর্ভুক্ত করার জন্য হস্তান্তর করবে এই শর্তে যে আইনসভার নির্ধারণ অনুসারে, স্টেট যে জমি গ্রহণ করবে তার মূল্য অন্ততপক্ষে স্টেট যে জমি ও ভবন হস্তান্তর করবে তার মূল্যের সমান হতে হবে, এবং স্টেট যে জমি ও ভবনের মালিকানা হস্তান্তর করবে তার প্রাকৃতিক ও ঐতিহাসিক বৈশিষ্ট্য যথাযথ চুক্তিপত্র ও বিধিনিষেধ দ্বারা সুরক্ষিত থাকবে, এবং সাগামোর ইনস্টিটিউট ইনকর্পোরেটেড ও স্টেটের মধ্যে চুক্তি অনুযায়ী ঐ জমি ও ভবনগুলি জনসাধারণের দর্শনের জন্য যথাযথভাবে উপলব্ধ থাকবে। পূর্বোক্ত বিধানগুলির পরোয়া না করে, স্টেট পিসেকো বিমানবন্দরের রানওয়ে এবং ল্যান্ডিং স্ট্রিপ সম্প্রসারণ এবং এই রানওয়ের চারপাশে একটি পরিষ্কার অঞ্চল রক্ষণাবেক্ষণের ব্যবস্থা করার জন্য জনসাধারণের ব্যবহারের জন্য অ্যারিটা টাউনকে এই টাউনের মধ্যবর্তী পঞ্চাশ একর সংরক্ষিত বনাঞ্চলের জমি হস্তান্তর করতে পারে, এবং এর বিনিময়ে, অ্যারিটা টাউন লেক প্লেজেন্ট টাউনের লট 2 টাউনশিপ 2 টোটেন এবং ক্রসফিল্ডস পারচেজে অবস্থিত তিপ্পান্ন একর প্রকৃত বনভূমি স্টেটকে প্রদান করবে। পূর্বোক্ত বিধানগুলির পরোয়া না করে এবং প্রকৃত মালিকানা হস্তান্তরের পূর্বে আইনসভার অনুমোদন সাপেক্ষে, স্টেট এসেক্স কাউন্টির কিন টাউনকে, এই টাউনের মালিকানাধীন কবরস্থান হিসাবে জনসাধারণের ব্যবহারের জন্য, এই টাউনের মধ্যবর্তী প্রায় বারো একর সংরক্ষিত বনাঞ্চলের জমি হস্তান্তর করতে পারে এবং এর বিনিময়ে, কিন টাউন স্টেটকে সংরক্ষিত বনাঞ্চলের জমিতে অন্তর্ভুক্ত করার জন্য প্রায় একশ চুয়াল্লিশ একর জমি হস্তান্তর করবে, পাশাপাশি স্টেটকে হস্তান্তরিত জমির সংলগ্ন নদীগর্ভ সহ এই টাউনের মালিকানাধীন জমির উপর একটি ব্যবহারাধিকার (easement) প্রদান করবে যা এই ধরনের জমির আরও উন্নয়নকে সীমাবদ্ধ করবে, এই শর্তে যে আইনসভার নির্ধারণ অনুসারে স্টেট কর্তৃক গৃহীত সম্পত্তিটি অন্তরপক্ষে স্টেট দ্বারা হস্তান্তরিত জমির মূল্যের সমান হতে হবে। পূর্বোক্ত বিধানগুলির পরোয়া না করে এবং প্রকৃত মালিকানা হস্তান্তরের পূর্বে আইনসভার অনুমোদন সাপেক্ষে, যেহেতু পানীয় জলের কূপ এবং সংশ্লিষ্ট আনুষাঙ্গিক সুবিধাগুলি স্থাপনের জন্য সংরক্ষিত বনাঞ্চলের জমি ব্যবহারের কোনও কার্যকর বিকল্প নেই এবং যেহেতু এই ধরনের কূপগুলি পানীয়

জলের গুণমানের মানদণ্ড পূরণের জন্য প্রয়োজনীয়, তাই স্টেট হ্যামিল্টন কাউন্টির লং লেক টাউনকে জনসাধারণের ব্যবহারের জন্য এই টাউনের মধ্যবর্তী এক একর সংরক্ষিত বনাঞ্চলের জমি হস্তান্তর করতে পারবে, যেখানে হ্যামলেট অফ র‍্যাকেট লেকের পৌরসভার জল সরবরাহের জন্য এই ধরনের পানীয় জলের কূপ এবং সংশ্লিষ্ট আনুষাঙ্গিক সুবিধাগুলি স্থাপন করা হবে। এর বিনিময়ে, লং লেক টাউন হ্যামিল্টন কাউন্টিতে অবস্থিত কমপক্ষে বারো একর জমি স্টেটকে সংরক্ষিত বনাঞ্চলে অন্তর্ভুক্ত করার জন্য প্রদান করবে যার মূল্য আইনসভার নির্ধারণ অনুসারে অন্ততপক্ষে স্টেটের দ্বারা প্রদান করা জমির মূল্যের সমান। র‍্যাকেট লেকের পৃষ্ঠতলের জলাধারটি পানীয় জল সরবরাহের উৎস হিসাবে পরিত্যক্ত হবে। পূর্বোক্ত বিধানগুলির পরোয়া না করে এবং প্রকৃত মালিকানা হস্তান্তরের পূর্বে আইনসভার অনুমোদন সাপেক্ষে, স্টেট সেন্ট লরেন্স কাউন্টিতে স্টেট রুট 56 সংলগ্ন ছয় একর পর্যন্ত ন্যাশানাল গ্রিডকে স্থানান্তর করতে পারে যেখানে এটি টাউনশিপ 5, লট 1, 2, 5 এবং 6-এর সংরক্ষিত বনাঞ্চলের মধ্য দিয়ে যায় যা ন্যাশানাল গ্রিডের জন্য একটি নতুন 46kV বিদ্যুৎ লাইন নির্মাণের জন্য প্রয়োজনীয় ও উপযুক্ত এবং এর বিনিময়ে ন্যাশানাল গ্রিড সেন্ট লরেন্স কাউন্টিতে ন্যাশানাল গ্রিডের মালিকানাধীন কমপক্ষে 10 একর বনভূমিকে সংরক্ষিত বনাঞ্চলের অন্তর্ভুক্ত করার জন্য স্টেটকে প্রদান করবে, এই শর্তে যে স্টেট কর্তৃক প্রদত্ত সম্পত্তির মূল্য আইনসভার নির্ধারণ অনুসারে অন্ততপক্ষে স্টেটের দ্বারা প্রদান করা জমির মূল্যের সমান। পূর্বোক্ত বিধানগুলির পরোয়া না করে, আইনসভা লং লেক টাউন, হ্যামিল্টন কাউন্টির টটেন ও ক্রসফিল্ড পারচেজের চল্লিশ নম্বর টাউনশিপে মালিকানা সংক্রান্ত বিরোধ নিষ্পত্তির জন্য, আইনসভা নির্ধারিত শর্ত মোতাবেক, উক্ত টাউনশিপে স্টেট ও বেসরকারি পক্ষগুলির মধ্যে মালিকানার দাবির দীর্ঘস্থায়ী ও প্রতিযোগিতাপূর্ণ বিরোধ নিষ্পত্তি করার উদ্দেশ্যে, অনুমোদন প্রদান করতে পারে, এই শর্তে যে, এই ধরনের নিষ্পত্তির আগে এবং শর্ত হিসাবে, স্টেট-অনুমোদিত তহবিল ব্যবহার না করে ক্রয় করা এবং অ্যাডিরনড্যাক পার্কের মধ্যবর্তী সংরক্ষিত বনাঞ্চলে অন্তর্ভুক্ত করার জন্য উপযুক্ত জমি, স্টেটের কাছে হস্তান্তর করা হবে এই শর্তে যে আইনসভার নির্ধারণ অনুসারে স্টেটের কাছে হস্তান্তর করা সম্পত্তিটি এই ধরনের নিষ্পত্তির সাপেক্ষে চল্লিশ নম্বর টাউনশিপের জমির তুলনায় সংরক্ষিত বনাঞ্চলের জন্য মোট সুবিধা প্রদান করবে। পূর্বোক্ত বিধানগুলির পরোয়া না করে, স্টেট NYCO মিনারেলস, ইনকর্পোরেটেডকে শুধুমাত্র এটির খরচে, এসেক্স কাউন্টির লুইস টাউনের স্টোয়ার্স সার্ভে, লট 8-এ অবস্থিত প্রায় 200 একর সংরক্ষিত বনাঞ্চলের জমিতে উলাস্টোনাইটের পরিমাণ এবং গুণমান নির্ধারণের জন্য খনিজ নমুনা সংগ্রহের কর্মকান্ডে যুক্ত হওয়ার অনুমোদন দিতে পারে, এই শর্তে যে NYCO মিনারেলস, ইনকর্পোরেটেড মূল্যায়নের উদ্দেশ্যে স্টেটকে এই ধরনের খনন থেকে

প্রাপ্ত ডেটা এবং তথ্য প্রদান করবে। প্রকৃত মালিকানা হস্তান্তরের আগে বিনিময়যোগ্য জমিগুলির আইনসভার অনুমোদন সাপেক্ষে, স্টেট পরবর্তীতে NYCO মিনারেলস, ইনকর্পোরেটেডকে উক্ত লট ৪ হস্তান্তর করতে পারে এবং এর বিনিময়ে, NYCO মিনারেলস, ইনকর্পোরেটেড স্টেটকে অন্ততপক্ষে সমপরিমাণ একর জমি সংরক্ষিত বনাঞ্চলে অন্তর্ভুক্ত করার জন্য প্রদান করবে, এই শর্তে যে স্টেট কর্তৃক গৃহীত জমির মূল্য স্টেটের দ্বারা হস্তান্তরিত জমির মূল্যের সমান বা তার চেয়ে বেশি হবে এবং এই শর্তে যে স্টেটকে প্রদান করা জমির মূল্যায়িত মূল্য মোট এক মিলিয়ন ডলারের কম হবে না। যখন NYCO মিনারেলস, ইনকর্পোরেটেড এই লট ৪-এ সমস্ত খননের কর্মকান্ড বন্ধ করে দেয়, তখন তারা সাইটটি সংস্কার করবে এবং সংরক্ষিত বনাঞ্চলে অন্তর্ভুক্ত করার জন্য নিউ ইয়র্ক স্টেটকে এই লটের মালিকানা ফিরিয়ে দেবে। যদি এই অনুচ্ছেদের আওতায়, NYCO মিনারেলস, ইনকর্পোরেটেডকে লট ৪ হস্তান্তর না করা হয়, তাসত্ত্বেও NYCO মিনারেলস, ইনকর্পোরেটেড স্টেটকে সংরক্ষিত বনাঞ্চলে অন্তর্ভুক্ত করার জন্য সেই সমপরিমাণ একর জমি হস্তান্তর করবে যা এই অনুচ্ছেদ অনুযায়ী উক্ত লটে কোনো খনিজ নমুনা সংগ্রহের কর্মকান্ড দ্বারা বিঘ্নিত হয়েছে, এই শর্তে যে স্টেট যে জমি গ্রহণ করবে তা আইনসভার নির্ধারণ অনুসারে খনিজ নমুনা সংগ্রহের কর্মকান্ড দ্বারা বিঘ্নিত জমির মূল্যের সমান বা অধিক হবে। পূর্বোক্ত বিধানগুলির পরোয়া না করে এবং প্রকৃত মালিকানা হস্তান্তরের পূর্বে আইনসভার অনুমোদন সাপেক্ষে, স্বাস্থ্য ও নিরাপত্তা ভূমি হিসাবে প্রতিষ্ঠা করার জন্য মোট দুইশত পঞ্চাশ একরের অনধিক সংরক্ষিত বনাঞ্চলের জমি ব্যবহার করা হবে। যেখানে কোনও কার্যকর বিকল্প বিদ্যমান নেই এবং আইনসভা কর্তৃক প্রণয়ন করা অন্যান্য মানদণ্ড পূরণ করা হয়েছে, সেখানে আইনসভা কর্তৃক নির্ধারিত প্রক্রিয়া অনুসারে, একটি টাউন, ভিলেজ বা কাউন্টি নিম্নলিখিত প্রকল্পগুলির জন্য স্বাস্থ্য ও নিরাপত্তা ভূমি হিসাবে আবেদন করতে পারে: পরিবহন বিভাগ (Department of Transportation) কর্তৃক রক্ষিত স্থানীয় হাইওয়ে তালিকায় অন্তর্ভুক্ত, পয়লা জানুয়ারী, দুই হাজার পনের তারিখ থেকে নিয়োজিত ও বিদ্যমান, এবং প্রতি বছর তুষার পরিষ্কার ও নিয়মিত রক্ষণাবেক্ষণ করা কাউন্টি হাইওয়ে এবং টাউন হাইওয়েতে সেতুর ঝুঁকি বা নিরাপত্তা মোকাবিলা করা; পরিবহন বিভাগ কর্তৃক রক্ষিত স্থানীয় হাইওয়ে তালিকায় অন্তর্ভুক্ত, পয়লা জানুয়ারী, দুই হাজার পনের তারিখ থেকে নিয়োজিত ও বিদ্যমান, এবং প্রতি বছর তুষার পরিষ্কার ও নিয়মিত রক্ষণাবেক্ষণ করা কাউন্টি হাইওয়ে এবং টাউন হাইওয়েতে বিপজ্জনক বাঁক এবং ঢালের বিপদ দূর করা; পরিবহন বিভাগ কর্তৃক রক্ষিত স্থানীয় হাইওয়ের তালিকায় অন্তর্ভুক্ত, পয়লা জানুয়ারী, দুই হাজার পনের তারিখ থেকে নিয়োজিত ও বিদ্যমান, এবং প্রতি বছর তুষার পরিষ্কার ও নিয়মিত রক্ষণাবেক্ষণ করা কাউন্টি হাইওয়ের এবং টাউন হাইওয়েগুলির পুনঃস্থাপন, পুনর্নির্মাণ এবং রক্ষণাবেক্ষণ, আরও শর্ত থাকে এই যে,

উক্ত কোনো হাইওয়ের কোনো একটিমাত্র পুনঃস্থাপনের অংশের দৈর্ঘ্য এক মাইলের বেশি হবে না; এবং জলের কূপ ও প্রয়োজনীয় আনুষাঙ্গিক সুবিধাগুলি যখন পানীয় জলের গুণমানের মানদণ্ড পূরণে প্রয়োজনীয় হয় এবং যখন এই কূপগুলি পরিবহন বিভাগ কর্তৃক রক্ষিত স্থানীয় হাইওয়ের তালিকায় অন্তর্ভুক্ত, পয়লা জানুয়ারী, দুই হাজার পনের তারিখ থেকে নিয়োজিত ও বিদ্যমান, এবং প্রতি বছর তুষার পরিষ্কার ও নিয়মিত রক্ষণাবেক্ষণ করা স্টেট হাইওয়ে, কাউন্টি হাইওয়ে এবং টাউন হাইওয়ের পাঁচশত ত্রিশ ফুটের মধ্যে অবস্থিত হয়। এই ধরনের স্বাস্থ্য ও নিরাপত্তা ভূমি হিসাবে তৈরির শর্ত হিসাবে, স্টেট সংরক্ষিত বনাঞ্চলে অন্তর্ভুক্ত করার জন্য আড়াইশ একর জমি অধিগ্রহণ করবে, এই শর্তে যে আইনসভা এই ধরনের জমি সংরক্ষিত বনাঞ্চলে যুক্ত করার অনুমোদন দেবে। ***<u>পূর্বোক্ত বিধানগুলির পরোয়া না করে, এসেক্স কাউন্টির উত্তর এলবা টাউনের মাউন্ট ভ্যান হোভেনবার্গ অলিম্পিক স্পোর্টস কমপ্লেক্সে এক হাজার ঊনচল্লিশ একর সংরক্ষিত বনাঞ্চলের জমিতে বিশ্বব্যাপী প্রতিযোগিতা, প্রশিক্ষণ এবং ইভেন্টগুলিকে অন্তর্ভুক্ত করার জন্য নর্ডিক স্কিইং এবং বায়াথলন ট্রেইলগুলির নির্মাণ, পরিচালনা এবং রক্ষণাবেক্ষণ আন্তর্জাতিক স্তরের মানদন্ডে অনুমোদন করা হয়েছে, যার মোট পরিমাণ অনধিক তিনশ তেইশ একর ট্রেইল ও সংশ্লিষ্ট আনুষাঙ্গিক সুবিধাগুলি, এবং এর বিনিময়ে স্টেটকে অ্যাডিরনড্যাক পার্কে সংরক্ষিত বনাঞ্চলের জমিতে অন্তর্ভুক্ত করার জন্য কমপক্ষে দুই হাজার পাঁচশ একর বনভূমি অধিগ্রহণ করতে হবে, এই শর্তে যে আইনসভার নির্ধারণ অনুসারে এই জমিগুলির মূল্য সমান বা তার বেশি হতে হবে।</u>***

§ 2. সিদ্ধান্ত গৃহীত হয়েছে (যদি সেনেট সম্মত হয়), যে উপরের সংশোধনীটি 2025 সালে যে সাধারণ নির্বাচন আয়োজিত হবে সেটিতে জনগণের অনুমোদনের জন্য নির্বাচনী আইনের বিধান অনুযায়ী জমা দেওয়া হবে।

ব্যাখ্যা - আন্ডারস্কোর দেওয়া বিষয়টি নতুন; বন্ধনীর [ ] মধ্যে থাকা বিষয়টি পুরানো আইন যা বাদ দিতে হবে।

## প্রথম প্রস্তাবের সারাংশ, একটি সংশোধন

## এসেক্স কাউন্টিতে স্টেটের সংরক্ষিত বনাঞ্চলের জমিতে অলিম্পিক স্পোর্টস কমপ্লেক্স অনুমোদনের সংশোধনী

প্রস্তাবটি স্টেটের সংবিধান সংশোধন করে। এটি সংরক্ষিত বনাঞ্চলে নতুন নর্ডিক স্কি এবং বায়াথলন ট্রেইলের অনুমতি দেয়। সেখানে উন্নয়নের জন্য সাংবিধানিক অনুমতি প্রয়োজন। কারণ সুবিধাটি অ্যাডিরনড্যাক সংরক্ষিত বনাঞ্চলে অবস্থিত। এটি উত্তর এলবার একটি অলিম্পিক স্পোর্টস কমপ্লেক্সের অংশ। নর্থ এলবা নিউ ইয়র্কের এসেক্স কাউন্টিতে অবস্থিত। প্রকল্পটি 323 একর পর্যন্ত বিস্তৃত। এই সুবিধাটি 1,039 একর জুড়ে বিস্তৃত। এই ব্যবহারটি বিনিময়মূলক। সংরক্ষিত বনাঞ্চলে 2,500 একর নতুন জমি যোগ করা হয়েছে। নিউ ইয়র্ক আইনসভাকে অবশ্যই বিনিময়টির অনুমোদন দিতে হবে। যদি না হয়, প্রকল্পটি বাস্তবায়িত হবে না।

## একটি সংশোধনী, প্রথম প্রস্তাবনা জমা দেওয়ার ফর্ম

## এসেক্স কাউন্টিতে স্টেটের সংরক্ষিত বনাঞ্চলের জমিতে অলিম্পিক স্পোর্টস কমপ্লেক্স অনুমোদনের সংশোধনী

স্টেটের সংরক্ষিত বনাঞ্চলের জমিতে স্কিইং এবং সম্পর্কিত ট্রেইল সুবিধার অনুমতি দেয়। এই স্থানটি 1,039 একর জুড়ে আছে। অ্যাডিরনড্যাক পার্কে স্টেটকে 2,500 একর নতুন বনভূমি যোগ করতে হবে।

একটি হ্যাঁ-মূলক ভোট অ্যাডিরনড্যাক সংরক্ষিত বনাঞ্চলে নতুন স্কি ট্রেইল এবং সম্পর্কিত সুবিধার অনুমোদন দেয়।

একটি না-মূলক ভোট এই ব্যবহারের অনুমোদন দেয় না।

আমরা এতদ্বারা প্রত্যয়ন করছি যে একটি সংশোধনী, প্রথম প্রস্তাবনার ব্যালটের পূর্বোক্ত লেখাটি স্টেট বিভাগ (Department of State)-এ ফাইলে রাখার জন্য প্রত্যয়িত মূলটির একটি সঠিক কপি।

*নিউ ইয়র্ক স্টেট নির্বাচন বোর্ডের অফিসের সীল এবং স্বাক্ষরের অধীনে, দুই হাজার পঁচিশ সালের 6 ই আগস্ট তারিখে প্রদান করা হলো৷*

/স্বাক্ষরকারী/ Kristen Zebrowski-Stavisky
Kristen Zebrowski Stavisky
কো-এক্সিকিউটিভ ডাইরেক্টর
নিউ ইয়র্ক স্টেট নির্বাচন বোর্ড

/স্বাক্ষরকারী/ Raymond J. Riley III
Raymond J. Riley, III
কো-এক্সিকিউটিভ ডাইরেক্টর
নিউ ইয়র্ক স্টেট নির্বাচন বোর্ড